

# লেভেল ৩ • নিরাপত্তা, কল্যাণ ও তহবিল: কমপ্লায়েন্স চেকলিস্ট

বাংলাদেশ ইপিজেড শ্রম আইন, ২০১৯ ও ইপিজেড শ্রম বিধিমালা, ২০২২ • অধ্যায় ৬-৮

EPZ

কারখানা:

তারিখ:

যাচাইকারী:

নম্বর ও তারকা বেপজার কারখানা পরিদর্শন চেকলিস্টের (★★★ সর্বাধিক গুরুত্বপূর্ণ); "—" মানে চেকলিস্টে আলাদা প্রশ্ন নেই। "প্রমাণ" ফাইলে রাখার কাগজ। প্র. নয় = প্রযোজ্য নয়।

## অধ্যায় ৬ • স্বাস্থ্য ও নিরাপত্তা

|       |                                                                                                                                                                                                                                                                 |                                                  |     |                                                                                              |
|-------|-----------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------|--------------------------------------------------|-----|----------------------------------------------------------------------------------------------|
| ৩খ.৩  | ২০ জনের অধিক সংখ্যক ব্যক্তির কর্মস্থানযুক্ত কক্ষসমূহে কমপক্ষে দুটি করে বহির্গমন পথ এবং উক্ত বহির্গমন পথ, চলাচলের পথ, সিঁড়ি ও মেঝেসমূহ যথাযথভাবে রক্ষণাবেক্ষণ ও প্রতিবন্ধকতামুক্ত রাখা হয় কিনা?<br>প্রমাণ: প্রতি তলার বহির্গমন নকশা, দৈনিক পরিদর্শনের চেকলিস্ট | ধারা-৩৫(৩)(চ);<br>বিধি-১০৩                       | ★★★ | <input type="checkbox"/> হ্যাঁ <input type="checkbox"/> না <input type="checkbox"/> প্র. নয় |
| ৩খ.৭  | প্রতিষ্ঠানে পর্যাপ্ত সংখ্যক অগ্নি নির্বাপক যন্ত্র ও সরঞ্জাম, হোসারিল নির্দিষ্ট পয়েন্টসমূহে কার্যকর ভাবে প্রস্তুত রাখা হয়েছে কিনা?<br>প্রমাণ: অগ্নিনির্বাপকের তালিকা, ফরম-২৩ প্রশিক্ষণ রেকর্ড                                                                  | ধারা-৩৫(২)(ঙ), ৩৫(৩)<br>(চ); বিধি-১০৩(১), ৪৫     | ★★  | <input type="checkbox"/> হ্যাঁ <input type="checkbox"/> না <input type="checkbox"/> প্র. নয় |
| ৩খ.১০ | প্রতিষ্ঠানে "অগ্নি নির্বাপনী পরিকল্পনা" রয়েছে কিনা এবং নিয়মিতভাবে অগ্নি নির্বাপন মহড়ার আয়োজন করা হয় কিনা?<br>প্রমাণ: ফরম-৩৬ রেকর্ড, আগাম চিঠির রিসিভ কপি, অগ্নিনির্বাপনী পরিকল্পনা                                                                         | ধারা-৩৫(২)(ঙ), ৩৫(৩)<br>(চ); বিধি-৪৫(১৩),<br>১০৪ | ★★  | <input type="checkbox"/> হ্যাঁ <input type="checkbox"/> না <input type="checkbox"/> প্র. নয় |
| ৩খ.২০ | আইনানুযায়ী শ্রমিকদের প্রয়োজনীয় দৈনিক নিরাপত্তা সরঞ্জাম (PPEs) সরবরাহ করা এবং সে সবেব ব্যবহার নিশ্চিত করা হয় কিনা?<br>প্রমাণ: ফরম-২২ পিপিই রেজিস্টার, প্রশিক্ষণের হাজিরা                                                                                     | ধারা-৩৫(২)(ঘ);<br>বিধি-৪২, ৪৫(১৭),<br>৯০(৯)      | ★★  | <input type="checkbox"/> হ্যাঁ <input type="checkbox"/> না <input type="checkbox"/> প্র. নয় |

## অধ্যায় ৭ • কল্যাণ ব্যবস্থা

|      |                                                                                                                                                                                                                                                        |                           |    |                                                                                              |
|------|--------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------|---------------------------|----|----------------------------------------------------------------------------------------------|
| ৫.১  | বিধি মোতাবেক নির্ধারিত প্রয়োজনীয় সরঞ্জাম সজ্জিত প্রাথমিক চিকিৎসা বাস্ক বা আলমারি কারখানার প্রত্যেক শাখায় প্রশিক্ষণপ্রাপ্ত ব্যক্তির তত্ত্বাবধানে ও সহজগম্য অবস্থানে রক্ষণাবেক্ষণ করা হয় কিনা?<br>প্রমাণ: বাস্কের তালিকা ও ত্রৈমাসিক পরীক্ষার রেকর্ড | ধারা-৩৫(২)(ঙ);<br>বিধি-৪৩ | ★★ | <input type="checkbox"/> হ্যাঁ <input type="checkbox"/> না <input type="checkbox"/> প্র. নয় |
| ৫.৭  | ১০০ জনের অধিক শ্রমিক থাকলে শ্রমিকদের ব্যবহারের জন্য পর্যাপ্ত সুযোগ সুবিধা সম্বলিত মানসম্মত ক্যান্টিনের ব্যবস্থা আছে কিনা?<br>প্রমাণ: ক্যান্টিনের নকশার অনুমোদন, ছবি                                                                                    | ধারা-৩৫(২)(ঞ);<br>বিধি-৫৮ | ★★ | <input type="checkbox"/> হ্যাঁ <input type="checkbox"/> না <input type="checkbox"/> প্র. নয় |
| ৫.৯  | বিধি মোতাবেক প্রয়োজনীয় সুবিধা সম্বলিত উপযুক্ত বিশ্রাম কক্ষ/খাবার কক্ষের ব্যবস্থা রয়েছে কিনা?<br>প্রমাণ: খাবার কক্ষের ছবি, আসন সংখ্যার হিসাব                                                                                                         | বিধি-৬৩                   |    | <input type="checkbox"/> হ্যাঁ <input type="checkbox"/> না <input type="checkbox"/> প্র. নয় |
| ৫.১০ | ৪০ জন বা তার অধিক শ্রমিক থাকলে, তাদের ছয় বছরের কম বয়সী শিশুদের জন্য পর্যাপ্ত আলো বাতাসযুক্ত ও প্রয়োজনীয় সুযোগ সুবিধা সম্বলিত উপযুক্ত মানের শিশু কক্ষের ব্যবস্থা আছে কিনা?<br>প্রমাণ: শিশুকক্ষের নকশার অনুমোদন, ব্যবহারের রেজিস্টার                 | ধারা-৩৫(২)(ঞ);<br>বিধি-৬৪ | ★  | <input type="checkbox"/> হ্যাঁ <input type="checkbox"/> না <input type="checkbox"/> প্র. নয় |

## অধ্যায় ৮ • তহবিল, বীমা ও ভবিষ্য তহবিল

|     |                                                                                                                                                                                                                                 |                            |    |                                                                                              |
|-----|---------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------|----------------------------|----|----------------------------------------------------------------------------------------------|
| ৮.১ | ২৫ বা ততোধিক সংখ্যক স্থায়ী শ্রমিক থাকলে, মালিক বিদ্যমান বিমা আইনে শ্রমিকদের জন্য বাধ্যতামূলক গ্রুপ বীমা (মৃত্যু ও স্থায়ী অক্ষমতার জন্য) চালু করেছেন কিনা?<br>প্রমাণ: বীমা পলিসি ও প্রিমিয়ামের রসিদ                           | ধারা-৩৬; বিধি-১০৫          | ★★ | <input type="checkbox"/> হ্যাঁ <input type="checkbox"/> না <input type="checkbox"/> প্র. নয় |
| ৮.২ | বিধি মোতাবেক ভবিষ্য তহবিল গঠন ও পরিচালনা করা হচ্ছে কিনা এবং তহবিলে শ্রমিকের প্রদত্ত অংশের সম পরিমাণ চাঁদা মালিক কর্তৃক তহবিলের হিসাবে যথাসময়ে জমা প্রদান করা হয় কিনা?<br>প্রমাণ: মাসিক জমার রসিদ, মাসিক প্রতিবেদনের কপি       | ধারা-১৬৪;<br>বিধি-২৫১, ২৬৮ | ★★ | <input type="checkbox"/> হ্যাঁ <input type="checkbox"/> না <input type="checkbox"/> প্র. নয় |
| ৮.৫ | ভবিষ্য তহবিলে প্রাপ্ত সমুদয় অর্থ কোনো তফসিলি ব্যাংকের স্থানীয় শাখায় ভবিষ্য তহবিল হিসাব নামে পৃথক ব্যাংক হিসাবে জমা দেয়া হয় কিনা?<br>প্রমাণ: ব্যাংক হিসাবের প্রত্যয়নপত্র, প্রেরণের কপি                                     | বিধি-২৭০                   |    | <input type="checkbox"/> হ্যাঁ <input type="checkbox"/> না <input type="checkbox"/> প্র. নয় |
| ৮.৬ | বাৎসরিক হিসাব প্রতিষ্ঠানের খরচে স্বীকৃত অডিট ফর্ম কর্তৃক নিরীক্ষিত হয় কিনা এবং মালিক তার একটি কপি সংশ্লিষ্ট জোনের অতিরিক্ত মহাপরিদর্শক/নির্বাহী পরিচালক এর নিকট প্রেরণ করেন কিনা?<br>প্রমাণ: ফরম-১০১ ও ১০২, প্রেরণের রিসিভ কপি | বিধি-২৭২                   |    | <input type="checkbox"/> হ্যাঁ <input type="checkbox"/> না <input type="checkbox"/> প্র. নয় |